

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে ভলিবল প্রতিযোগিতার ফাইনাল ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা ২০২২-২৩ এর ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী এবং ব্যাডমিন্টন ও ভলিবল প্রতিযোগিতা ২০২৪-২৫ এর উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (২০ জানুয়ারি ২০২৫) নোবিপ্রবি শরীরচর্চা শিক্ষা বিভাগ কর্তৃক কেন্দ্রীয় খেলার মাঠে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

প্রতিযোগিতা শুরুর প্রাক্কালে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল প্রধান অতিথির বক্তব্যে বলেন, সবাইকে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে অভিনন্দন যে তোমরা ফাইনাল পর্যন্ত এসেছো। আশা করি তোমাদের যে পাঁচ-ছয় জনের টিম আছে তাদের মধ্যে এক-দুই জনের সমস্যা হলেও বাকিরা মিলে সুন্দরভাবে খেলা শেষ করবে। বিজয়ী যেই হোক না কেন উভয় দলকে অভিনন্দন। খেলার মধ্য দিয়ে পড়াশোনার পাশাপাশি সহশিক্ষা কার্যক্রমের যে প্রতিযোগিতাগুলো হবে আমরা ক্যাম্পাসে তা আরো বেশী করে চর্চা করতে পারবো বলে আমি বিশ্বাস করি। আমাদের শিক্ষার্থীদের শারীরিক এবং মানসিক বিকাশে আরো বেশী করে যাতে আমরা সহযোগিতা করতে পারি বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে সে চেষ্টা করবো।

শরীরচর্চা শিক্ষা বিভাগের পরিচালক (ভারপ্রাপ্ত) ড. মোহাম্মদ আমজাদ হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এমডি. মাসুদ রহমান ও ফলিত গণিত বিভাগের প্রভাষক জনাব আব্দুল করিম। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন শরীরচর্চা শিক্ষা বিভাগের উপ-পরিচালক সঞ্জীব কুমার দে ও মাহমুদুর রহমান। অনুষ্ঠানে নোবিপ্রবির বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, আন্তঃবিভাগ ব্যাডমিন্টন প্রতিযোগিতা ২০২৪-২৫ এ ৩৩টি বিভাগ অংশগ্রহণ করবে। প্রতিযোগিতাটি নক আউট পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। অন্যদিকে আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা ২০২২-২৩ এর ফাইনাল খেলায় অংশগ্রহণ করেছে বাংলা বিভাগ ও সমাজবিজ্ঞান বিভাগ। এতে সমাজবিজ্ঞান বিভাগ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।



ইফতেখার হোসাইন  
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)  
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪